# উন্মুক্তি

চিত্তরঞ্জন হীরা

যাকে বাঁধা যায় না নিঃশ্বাসের বাঁধে
আর যা হবার নয়
—তাদের নিয়েই কেটে তো গেল!

রক্ত মেখেছে উন্মাদের ঠোঁটে
চেটে খাচ্ছে জ্যোৎস্নাপথের আগল
কখনও নীল দড়ি বেয়ে নেমে আসছে
পথে, পথের উপর
হনন প্রতিশ্বাসে একটি জীবন...

রাতি, রতিঘোর ঘন হতে হতে
একলা মাঠে পাথর জমছে
পাথরের গায়ে মোহর নাড়া ঝালর ঝলছে— যাবে!

নকসা ওঠে অভিসারের কাঁটায়।